

¶২৪। মূল্য সংযোজন কর কর্মকর্তাকে সহায়তা প্রদান।— (১) মূল্য সংযোজন কর কর্মকর্তাগণকে এই আইনের অধীন তাহাদের দায়িত্ব পালনে সহায়তা করার জন্য এতদ্বারা পুলিশ, বাংলাদেশ রাইফেলস্, বাংলাদেশ কোস্ট গার্ড ও আনসারের যে কোন সদস্য এবং আবগারী, শুল্ক, আয়কর ও মাদকদ্রব্য সংক্রান্ত কর্মকাণ্ড পরিচালনা ও নিয়ন্ত্রনকারী সকল সরকারী কর্মকর্তাসহ অন্য যে কোন সরকারী কর্মকর্তা এবং [ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, জেলা পরিষদ, সিটি কর্পোরেশন এর কর্তৃপক্ষ] সকল ব্যাংক কর্মকর্তার উপর ক্ষমতা অর্পণ ও দায়িত্ব আরোপ করা হইল।

¶(২) সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এমন ম—ল্য সংযোজন কর কর্মকর্তা, তাঁকে সহায়তা বা সহায়তা করার উদ্দেশ্যে উপ-ধারা (১) এ উল্লিখিত কোন সদস্য, কর্তৃপক্ষ বা কর্মকর্তাকে যে কোন ব্যক্তির স্থাবর-অস্থাবর সম্পত্তির হিসাব, ব্যাংক একাউন্টের হিসাব বিবরণী, দলিলাদিসহ অন্য যে কোন তথ্য সরবরাহ করার জন্য অনুরোধ করিতে পারিবেন এবং উক্ত অনুরোধের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সদস্য, কর্তৃপক্ষ বা কর্মকর্তা চাহিদাকৃত তথ্য সরবরাহ করিতে বাধ্য থাকিবেন।]

^১। অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৪ নং আইন) এর ধারা ... (৬) বলে “২৪” প্রতিস্থাপিত।

^২। অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৯১(ক) বলে “যে কোন সদস্য এবং” শব্দগুলির পর শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত।

^৩। অর্থ আইন, অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭৯ বলে উপ-ধারা (২) এর পরিবর্তে নতুন উপ-ধারা (২) প্রতিস্থাপিত।